

বর্ণবাদ বিরোধী নীতি

প্রিয় পিতামাতা এবং যত্নদানকারীগণ

শিক্ষা বিভাগ সব ধরনের বর্ণবাদকে প্রত্যাখ্যান করে এবং NSW সরকারী স্কুলগুলোতে সব ধরনের জাতিগত বৈষম্য দূর করতে প্রতিশ্রুতিবদ্ধ। বিভাগের [Anti-Racism Policy](#) (বর্ণবাদ-বিরোধী নীতি) এর লক্ষ্য এটা নিশ্চিত করা যে কোনও শিক্ষার্থী, কর্মচারী, পিতামাতা, যত্নদানকারী বা সম্প্রদায়ের সদস্য স্কুলের পরিবেশের মধ্যে বর্ণবাদের অভিজ্ঞতা অর্জন করবে না।

এই নীতিতে স্কুল সম্প্রদায়ের সকল সদস্যকে অন্যদের সাংস্কৃতিক, ভাষাগত ও ধর্মীয় পটভূমির প্রতি শ্রদ্ধা প্রদর্শনের মাধ্যমে বর্ণবাদ মোকাবেলায় সহায়তা করার জন্য এবং স্কুলের পরিবেশে গ্রহণযোগ্যতা ও সম্প্রীতির প্রচার করে এমন আচরণের মাধ্যমে সহায়তা করার আহ্বান জানানো হয়েছে।

প্রতিটি স্কুলে একজন বর্ণবাদ বিরোধী যোগাযোগ কর্মকর্তা (Anti-Racism Contact Officer (ARCO)) রয়েছেন, যিনি স্কুলে বর্ণবাদের অভিযোগ করার সময় বর্ণবাদ মোকাবেলায় সহায়তা করার জন্য এবং স্কুল সম্প্রদায়কে সমর্থন করার জন্য প্রশিক্ষিত। নীতি এবং ARCO এর ভূমিকা সম্পর্কে আরও তথ্যের জন্য দেখুন [Anti-Racism Policy - Information for parents and carers](#) (বর্ণবাদ বিরোধী নীতি - পিতা-মাতা এবং যত্নদানকারীদের জন্য তথ্য)।

একটি ইতিবাচক স্কুল পরিবেশ বজায় রাখতে আমাদের সহায়তা করার জন্য আপনাকে ধন্যবাদ যেখানে সমস্ত ধরনের বর্ণবাদ প্রত্যাখ্যান করা হয়। আমাদের স্কুলে যদি আপনি বা আপনার শিশু কোনও ধরনের বর্ণবাদের অভিজ্ঞতা অর্জন করেন, বর্ণবাদের সাক্ষী হন অথবা যদি আপনি আরও তথ্য বা সমর্থন চান, অনুগ্রহ করে আমার সাথে যোগাযোগ করুন।

আপনার বিশ্বস্ত

অধ্যক্ষ

দোভাষী সহায়তা

আপনি যদি আরও তথ্য চান এবং স্কুল বা অধ্যক্ষের সাথে যোগাযোগ করতে সাহায্য করার জন্য আপনার একজন দোভাষীর প্রয়োজন হয় তাহলে অনুগ্রহ করে 131 450 নম্বরে টেলিফোন দোভাষী পরিষেবায় কল করুন এবং আপনার ভাষায় একজন দোভাষীর জন্য বলুন।

অপারেটরকে স্কুলের ফোন নম্বরটি বলুন এবং অপারেটর স্কুলে ফোন করবে এবং আপনার কথোপকথনে আপনাকে সহায়তা করার জন্য লাইনে একজন দোভাষীর ব্যবস্থা করবে।

দোভাষী পরিষেবাগুলো আপনি বিনামূল্যে পাবেন।